সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৪০১ তারিখ: ১৪ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ৩০ অক্টোবর ২০২৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর যৌথ উদ্যোগে জার্মানির বার্লিনে 'Intercontinental Berlin' হোটেলে 'The Rise of Bengal Tiger: Bangladesh-Germany Trade & Investment Summit 2023' শীর্ষক একটি সামিট আয়োজন করা হয়। উল্লেখ্য যে, বৈশ্বিক বিনিয়োগকারীদের নিকট বাংলাদেশের পুঁজিবাজার এবং বাংলাদেশে বিনিয়োগের সুযোগ তুলে ধরার লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশে ধারাবাহিকভাবে 'বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট' এর আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় জার্মানির বার্লিনে উক্ত সামিট আয়োজন করা হয়, যার প্রধান আলোচ্যসূচি ছিল ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও বিদেশী বিনিয়োগের জন্য বাংলাদেশকে একটি আকর্ষণীয়, সহজতর এবং লাভজনক দেশ হিসেবে জার্মানির বিনিয়োগকারী ও ব্যবসায়ীদের নিকট তুলে ধরা।

জার্মানির বার্লিনে স্থানীয় সময় সকাল ১০:০০ টায় সামিট আয়োজনটি শুরু হয়। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন জার্মানিতে বাংলাদেশের মাননীয় রাষ্ট্রদূত জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি। স্বাগত বক্তব্যের পর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের উপর অডিও-ভিজুয়াল প্রদর্শিত হয়।

বিএসইসির চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম উক্ত অনুষ্ঠানে '50 Years of Bangladesh: The Rise of Bengal Tiger' শীর্ষক উপস্থাপনা প্রদান করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাত ধরে স্বাধীনতা লাভ এবং তার দেখানো সোনার বাংলার স্বপ্নের অনুসরণে তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্বাধীনতার মাত্র পঞ্চাশ বছরের পেরিয়ে বাংলাদেশের উন্নয়নের রোল মডেলে পরিণত হওয়ার অভাবনীয় সাফল্যের কথা উল্লেখ করে বঙ্গবন্ধু কন্যার ভূয়সী প্রশংসা করেন তিনি। তিনি বাংলাদেশ ও জার্মানির দীর্ঘদিনের দ্বিপাক্ষিক সম্পর্ক, দুই দেশের বাণিজ্যিক সম্পর্ক এবং পারস্পারিক সহযোগিতার কথা তুলে ধরেন। তিনি ভূরাজনৈতিকভাবে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ কৌশলগত গুরুত্বপূর্ণ ও সুবিধাজনক অবস্থানের কথা উল্লেখ করেন এবং বাংলাদেশের তারুণ্যে উজ্জীবিত মানবসম্পদের সুযোগ-সম্ভাবনার কথা উল্লেখ করেন। সাম্প্রতিক সময়ে বৈশ্বিক সামষ্টিক ও অর্থনৈতিক নানা সূচকে যেমনঃ জিডিপি প্রবৃদ্ধির উচ্চ হার, দারিদ্র্য হ্রাস,

শিশুমৃত্যু হ্রাস, খাদ্য উৎপাদন বৃদ্ধি, কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধি, বৃহৎ দেশীয় বাজার, ডেমোগ্রাফিক ডিভিডেন্ড, দক্ষ জনবল, রাজনৈতিক স্থিতিশীলতা প্রভৃতিতে বাংলাদেশের ক্রমবর্ধমান উন্নতির চিত্র তুলে ধরে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন এবং সম্ভাবনার নানা দিক নিয়ে আলোচনা করেন। তিনি প্রতিবেশি দেশগুলোর তুলনায় বাংলাদেশের পুঁজিবাজারের দৃঢ় ও সম্ভাবনাময় অবস্থানের চিত্র তুলে ধরেন এবং পুঁজিবাজারকে দীর্ঘমেয়াদী অর্থায়নের প্রধান উৎস করার জন্য ক্রমাগত উন্নয়নের নিমিত্ত বিএসইসি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ উল্লেখ করে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও তিনি বাংলাদেশে বিনিয়োগের সুবিধাজনক দিকসমূহ তুলে ধরে বিনিয়োগের জন্য বাংলাদেশকে বেছে নিয়ে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় অংশীদার হওয়ার আহ্বান জানান।

উক্ত সামিট আয়োজনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর ভিডিও বার্তা প্রদর্শিত হয়। ভিডিও বার্তায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিএসইসি ও বিডার যৌথ উদ্যোগে আয়োজিত সামিটে অংশগ্রহণ করা সকলকে ধন্যবাদ জানান। তিনি জার্মানি এবং ইউরোপিয়ান ইউনিয়নের সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও সহযোগিতার কথা উল্লেখ করেন। তিনি সাম্প্রতিক সময়ে বাংলাদেশের অর্থনৈতিক ও অবকাঠামোগত উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরেন। মাত্র ১৫ বছরের ব্যবধানে বাংলাদেশ ৭০ বিলিয়ন ডলারের অর্থনীতি থেকে ৪৬৫ বিলিয়ন ডলারের অর্থনীতিতে পরিণত হয়েছে বলে জানান তিনি। পাশাপাশি তিনি বাংলাদেশের সম্ভাবনাপূর্ণ ও গুরুত্বপূর্ণ খাতগুলোতে ব্যবসায় সম্প্রসারণ ও বিনিয়োগের আহ্বান জানান এবং জার্মানির বিনিয়োগকারীদের বাংলাদেশে গড়ে তোলা বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের প্রস্তাব দেন।

'Bianco Evento' এর CEO Mr. Bartosz Wodecki উক্ত অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন এবং বাংলাদেশে বিনিয়োগের নিজ অভিজ্ঞতার কথা তুলে ধরেন। 'বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)' এর নির্বাহী চেয়ারম্যান জনাব শেখ ইউসুফ হারুন অনুষ্ঠানে দেশের অর্থনৈতিক অঞ্চলসমূহ এবং 'বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)' এর কর্মকান্ড ও অর্জনসমূহ তুলে ধরে সংক্ষিপ্ত প্রেজেন্টেশন প্রদান করেন। এছাড়াও আয়োজিত সামিট অনুষ্ঠানে 'Veridos GmbH' এর CEO Mr. Marc-Julian Siewert বাংলাদেশে তার কোম্পানির কার্যক্রম ও সফলতার চিত্র তুলে ধরে সংক্ষিপ্ত প্রেজেন্টেশন প্রদান করেন। এছাড়াও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া আয়োজিত সামিটে বক্তব্য রাখেন।

এছাড়াও অনুষ্ঠিত Bangladesh- Germany Trade & Investment Summit-এ বেশ কিছু সমঝোতা স্মারক ও চুক্তি স্বাক্ষরিত হয় এবং একটি ফ্যাশন শো অনুষ্ঠিত হয়। এসময় জার্মান কোম্পানি 'HMS Bergbau


AG’ এর সাথে বাংলাদেশী কোম্পানি ‘ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লি. পিএলসি’র সমঝোতা স্মারক(MoU) বিনিময় হয়।

উক্ত অনুষ্ঠানে ‘Trade and Investment Partnership - Germany & Bangladesh’ শীর্ষক একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। ‘বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (BASIS)’ এর এর প্রেসিডেন্ট জনাব রাসেল টি. আহমেদ এর সঞ্চালনায় অনুষ্ঠিত উক্ত প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন ‘German Asia-Pacific Business Association’ এর Country Committee Bangladesh এর চেয়ারম্যান Mr. Thomas Köning, এফবিসিসিআই এর প্রাক্তন পরিচালক ও SAARC Chamber Young Entrepreneurs Forum এর চেয়ারম্যান জনাব আমজাদ হোসেন, ‘ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই)’ এর চেয়ারম্যান ড. মুহম্মদ হাফিজুর রহমান বাবু, ‘বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা)’র সদস্য ও অতিরিক্ত সচিব জনাব আলী রেজা মজিদ, ‘Planquadrat GmbH’ এর ব্যবস্থাপনা পরিচালক Mr. Martin Geskes এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব জনাব মোকাম্মেল হোসেন। প্যানেল আলোচনায় আলোচকবৃন্দ বাংলাদেশের বিভিন্ন খাতে ব্যবসা ও বিনিয়োগের সুযোগ ও সম্ভাবনা নিয়ে আলোচনা করেন।

জার্মানির বার্লিনে এই সফল সামিটটি আয়োজনের ফলশ্রুতিতে দেশের পুঁজিবাজারে বিদেশী ও প্রবাসী বিনিয়োগকারীদের অংশগ্রহণ বৃদ্ধি পাবে এবং বাংলাদেশে বিপুল পরিমাণ বৈদেশিক বিনিয়োগ আসবে বলে উপস্থিত বিশেষজ্ঞগণ আশাবাদ ব্যক্ত করেন।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


THE RISE OF BENGAL TIGER:
BANGLADESH - GERMANY TRADE & INVESTMENT
SUMMIT 2023
30 October, 2023
InterContinental Berlin, Germany
THE RISE OF
BENGAL TIGER


THE RISE OF BENGAL TIGER:
BANGLADESH - GERMANY TRADE & INVESTMENT
SUMMIT 2023
30 October, 2023
InterContinental Berlin, Germany
THE RISE OF
BENGAL TIGER


THE RISE OF BENGAL TIGER:
BANGLADESH - GERMANY TRADE & INVES
SUMMIT 2023
30 October, 2023
InterContinental Berlin, Germany
ALONG WITH
POLITICAL FREEDOM
E NEED
ECONOMIC
FREEDOM TOO
THE RISE OF
BENGAL
TIGER
THE RISE OF BENGAL TIGER
THE RISE OF BENGAL TIGER:
BANGLADESH - GERMANY
TRADE & INVESTMENT
SUMMIT 2023


THE RISE OF BENGAL TIGER:
BANGLADESH - GERMANY TRADE & INVESTMENT
SUMMIT 2023
30 October, 2023
InterContinental Berlin, Germany
THE RISE OF BENGAL TIGER


THE RISE OF BENGAL TIGER:
BANGLADESH - GERMANY TRADE & INVESTMENT
SUMMIT 2023
30 October, 2023
InterContinental Berlin, Germany


THE RISE OF BENGAL TIGER:
BANGLADESH - GERMANY TRADE & INVESTMENT
SUMMIT 2023
30 October, 2023
InterContinental Berlin, Germany
ALONG WITH POLITICAL FREEDOM WE NEED ECONOMIC FREEDOM TOO
THE RISE OF BENGAL TIGER
BANGLADESH WILL BE A DEVELOPED NATION BY 2041
THE RISE OF BENGAL TIGER